

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ১১, ১৯৮৭

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
বিজ্ঞপ্তি

ঢাকা, ১১ই এপ্রিল, ১৯৮৭/২৭শে চৈত্র, ১৩৯৩

নং এস আর ও ৫৯-আইন/৮৭/১ প্র-২/৮৬/ডি-৯—১৯২৪ সালের ক্যান্টনমেন্ট আইন (১৯২৪ সালের ২ নং আইন) এর ১৩ এ ধারার (৫) উপ-ধারার বিধান মোতাবেক সরকার বিজ্ঞপ্তি দিতেছেন যে—

- (ক) রংপুর সেনানিবাস পর্ষদের সদস্য দুর্গ প্রকৌশলী (সেনা) জনাব শাহ জুলফিকার হায়দার-এর সদস্য পদ খালী হইয়াছে; এবং
- (খ) রংপুর সেনানিবাসের দুর্গ প্রকৌশলী (সেনা) জনাব মোঃ তোফাজ্জেল হোসেনকে রংপুর সেনানিবাস পর্ষদের সদস্য পদে মনোনয়ন দেওয়া হইয়াছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
শফিউদ্দিন আহাম্মদ  
উপ-সচিব।

অর্থ মন্ত্রণালয়  
অর্থ বিভাগ  
ব্যাংকিং উইং  
শাখা-৫  
বিজ্ঞপ্তি

ঢাকা, ১১ই এপ্রিল, ১৯৮৭/২৭শে চৈত্র, ১৩৯৩

নং এস, আর, ও ৬০-আইন/৮৭—যেহেতু ১৯৭২ সালের বাংলাদেশ ব্যাংক (জাতীয়করণ) অধ্যাদেশ (১৯৭২ সালের পি. ও নং ২৬) এর অধীনে গঠিত সোনালী ব্যাংকের পরিশোধিত মূলধন উক্ত ব্যাংকের বাবসায়ের স্বার্থে বন্ধি করা প্রয়োজন;

( ১৮৯১ )

সেহেতু এক্ষণে উপরিউক্ত অধ্যাদেশের ৫(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত সোনালী ব্যাংকের পরিশোধিত মূলধন ৫,৫০,০০,০০০'০০ টাকায় (পাঁচ কোটি পঞ্চাশ লাখ টাকা) বৃদ্ধি করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
সিরাজ উদ্দীন আহমেদ  
উপ-সচিব।